# মহান স্বাধীনতা দিবসে কৃষি উন্নয়নই হোক আমাদের অঙ্গীকার

## গুটি ইউরিয়া ব্যবহার করুন বেশি ফসল ঘরে তুলুন

**গুটি ইউরিয়া কেন ব্যবহার করবেন?**

০ ইউরিয়া কম লাগে; কার্যকারিতা বেশি থাকে
০ শতকরা প্রায় ৩৫ ভাগ ইউরিয়া সাশ্রয় হয়
০ সর্বোপরি লাভ বেশি
০ গাছে কুশির সংখ্যা বেশি হয়
০ শীষ বড় এবং ধানের সংখ্যা বেশি হয়
০ শতকরা ২০-২১ ভাগ ফলন বাড়ে।

**গুটি ইউরিয়া কিভাবে ব্যবহার করবেন?**

০ আউশ মৌসুমে চারা রোপণের পর থেকে ৫-৭ দিনের মধ্যে প্রতি চার গোছার কেন্দ্রে ৭-৮ সেন্টিমিটার (৩-৪ ইঞ্চি) কাদামাটির নিচে গুটি স্থাপন করে কাদা দিয়ে ঢেকে দিতে হবে। রোপা আউশ ধানে প্রতি চার গোছার কেন্দ্রে দুটি গুটি এমনভাবে পুঁতে দিতে হবে যেন চারদিকের ধান গাছগুলো সমানভাবে নাইট্রোজেন পায়।

**গুটি ইউরিয়ার সুফল লাভের জন্য করণীয়**

০ প্রয়োজনীয় অন্যান্য সব সার ব্যবহার করতে হবে
০ মাটির স্বাস্থ্য রক্ষায় প্রচুর জৈব সার ব্যবহার করতে হবে
০ অনুমোদিত উচ্চফলনশীল বীজ ব্যবহার করতে হবে
০ জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ নিশ্চিত করতে হবে
০ রোগবালাই, পোকামাকড় ও আগাছা দমন করতে হবে




## অধিক ফলন পেতে চান ডিএপি'র ব্যবহার বাড়ান

০ডিএপি ফসলের জন্য একটি উত্তম মিশ্র সার
০এতে রয়েছে টিএসপি সারের মত শতকরা ৪৬ ভাগ ফসফরাস এবং বাড়তি আরও রয়েছে শতকরা ১৮ ভাগ নাইট্রোজেন
০আগামী আউশ মৌসুমে চারা রোপণের পূর্বে শেষ চাষের সময় ডিএপি সার ব্যবহার করুন। উচ্চফলনশীল রোপা আউশে হেক্টরপ্রতি ডিএপি ১০০ কেজি, মিউরেট অব পটাশ ১১০ কেজি এবং জিপসাম ৬৫ কেজি ব্যবহার করুন।
০এছাড়া হেক্টরপ্রতি আরও ১৮০ কেজি ইউরিয়া চারা রোপণের ১৫, ৩০ ও ৫০ দিন পর ৬০ কেজি হারে ৩ কিস্তিতে উপরিপ্রয়োগ করুন।
০তোষা পাটের অধিক ফলন পেতে ও-৯৮৯৭ জাতের বেলায় হেক্টরপ্রতি ১০০ কেজি ডিএপি, সেই সাথে ১৭০ কেজি ইউরিয়া, ১৬০ কেজি মিউরেট অব পটাশ ও ১০০ কেজি জিপসাম ব্যবহার করতে পারেন।
০অধিক ফলন পেতে আখ, শাক-সবজি ও অন্যান্য ফসলে প্রাথমিক মাত্রা হিসেবে ডিএপি সার ব্যবহার করুন।

০কৃষি উৎপাদন বৃদ্ধির কলাকৌশল জানতে মাসিক "কৃষিকথা" পড়ুন এবং গ্রাহক হোন।
০কৃষিকথা প্রায় ৫৯ বছরের পুরানো এবং ঐতিহ্যবাহী একটি কৃষি পত্রিকা। বিগত তিন বছরে এর গ্রাহক সংখ্যা ৩০০০ থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ৩০,০০০-এ উন্নীত হয়েছে।
০আগামী দিনগুলোতে বাম্পার ফলনের প্রত্যাশায় কৃষি তথ্য সার্ভিসের কৃষিকথা ও অন্যান্য প্রচারণার সহায়তা নিন।

০বাংলাদেশ বেতারের কৃষি বিষয়ক জাতীয় অনুষ্ঠান 'দেশ আমার মাটি আমার' এবং আঞ্চলিক অনুষ্ঠান সোনালী ফসল (ঢাকা), কৃষি খামার (চট্টগ্রাম), কৃষি সমাচার (খুলনা), ক্ষেতে খামারে (রংপুর), সবুজ বাংলা (রাজশাহী) এবং শ্যামল সিলেট (সিলেট) নিয়মিত শুনুন।
০বাংলাদেশ টেলিভিশনের সাপ্তাহিক অনুষ্ঠান 'মাটি ও মানুষ' দেখুন।

AIS কৃষি তথ্য সার্ভিস

## কৃষি তথ্য সার্ভিস

খামারবাড়ি, ফার্মগেট

ঢাকা-১২১৫

ডিএফপি নং-